



একই নম্বর ও তারিখের ঘূর্ণাভিত্তিক পত্র
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।



www.dls.gov.bd

স্মারক নম্বর-৩৩.০১.০০০০.১১০.০২.০২৬.১৯- ২৯৪


তারিখঃ ১৫ ফাল্গুন ১৪২৮
২৮ ফেব্রুয়ারী ২০২২ইং

বিষয়ঃ- USA হতে একদিন বয়সী Arbor Acres Parent Stock Broiler জাতের ২০,১৫৬ টি মুরগীর বাচ্চা আমদানীর অনুমতি প্রদান প্রসঙ্গে
সূত্রঃ- ১। জনাব ওয়াং ডিংসিং, নিউহোপস ফার্মস বাংলাদেশ লিঃ এর ২২/০৩/২০২২ ইং তারিখের পত্র মোতাবেক।
সূত্রঃ- ২। জনাব মোঃ সেদিম, ডেপুটি ম্যানেজার, নিউহোপ ফার্মস বাংলাদেশ লিঃ এর ২২/০২/২০২২ ইং তারিখের পত্র মোতাবেক।

সূত্রাধীন ২নং পত্রের প্রেক্ষিতে আপনাকে USA হতে একদিন বয়সী Arbor Acres Parent Stock Broiler জাতের সর্বমোট= ২০,১৫৬ (বিশ হাজার একশত ছাপান্ন) টি একদিন বয়সী মুরগীর বাচ্চা নিম্ন বর্ণিত শর্তে আগামী ০১/০৫/২০২২ইং তারিখের মধ্যে আমদানীর অনুমতি প্রদান করা হয়েছিল। রঞ্জানিকারক প্রতিষ্ঠান ২০,১৫৬ টি বাচ্চার সাথে আরো ১,৩৫২টি বাচ্চা Transit Mortality হিসেবে রঞ্জানি কারক প্রতিষ্ঠান দিতে চেয়েছেন। (যাযার ইনভয়েন্ট-২০২২১০৩৮তারিখ ১৬/০৩/২০২২ ইং)। সূত্রঃ ১নং ক্রমিকের পত্রের প্রেক্ষিতে (২০,১৫৬+১৩৫২) মোট = ২১,৫০৮টি একদিন বয়সী মুরগীর বাচ্চা নিম্ন বর্ণিত শর্তে আগামী ০১/০৫/২০২২ইং তারিখের মধ্যে আমদানীর অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক মুরগীর বাচ্চা "সংক্রামক রোগমুক্ত" এই মর্মে রঞ্জানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানীর সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ০৩ (তিন) টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরারীণ কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা এ প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক বিমান যোগে আমদানী করতে হবে।
- ৫। বাচ্চা আমদানীর পর খামারের অস্থগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানীর পর রঞ্জানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এল.সি.র কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রঞ্জানী কারক দেশে Notifiable AI Disease দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানী করলে সকল দায় দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যেকোন সময় আমদানী অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবে।
- ৯। সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগীর বাচ্চা দেশে পৌঁছার পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা কে অবহিত করতে হবে।



Wang Dingxin, Executive Director

নিউহোপ ফার্মস বাংলাদেশ লিঃ
ইউনিট-০২, শ্রীপুর, গাজীপুর।

(ডাঃ পল্লব কুমার দত্ত)
উপপরিচালক (এইচ.আর.ডি)
পক্ষে-মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
adtraining.dls@gmail.com

22/02/2022

কার্যার্থে অনুলিপি প্রেরিত হলঃ

- ১। কমিশনার, কার্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
 - ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা।
 - ৩। পি এস ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।
 - ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাজীপুর। হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
 - ৫। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। মোবাইল- ০১৯৭০৫০৬৮২৪
 - ৬। আইসিটি অফিসার, আইসিটি সেকশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ-
১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
 ২. অফিস কপি।